গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩২৮. ৪৬.০০২.২৪.৭২

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০ / ৩১ মার্চ ২০২৪

বিষয়: ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালুকৃত বিষয়ক তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ২০২৩-২৪ অর্থবছরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার সূচক ১.২.১ অনুসারে ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের চালুকৃত সেবাসমূহের তালিকা প্রণয়ন করা হয়েছে (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, চালুকৃত সেবাসমূহের তালিকা অবহিতকরণের নিমিত্ত নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

৩১/৩/২০২৪

(মো: আনোয়ার উজ জামান)
সিনিয়র সহকারী সচিব
টেলিফোন: ৪৮১১৩৩৫১
ই-মেইল: junayed33jessore@gmail.com

সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃ: আ: যুগ্মসচিব, ই-গভর্নেন্স-২অধিশাখা (অতিরিক্ত দায়িত্ব), পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা]

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১. উপসচিব (এপিএ), পরিকল্পনা বিভাগ, ঢাকা;
২. সিনিয়র সচিব এর একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৪. যুগ্মসচিব (বাজেট ও এপিএ) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা;
৫. সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রণালয়/বিভাগের নাম: পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

বিষয়: ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালুকৃত।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ক্রম | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবার লিংক | অর্থবছর | বর্তমান অবস্থা |
| ০১ | গাড়ী অধিযাচন (ডিজিটাল) সেবা সহজীকরণ সফটওয়্যার নির্মাণ | গাড়ী অধিযাচনের ফরম পূরণ বা আবেদনের জন্য দাপ্তরিক মূল্যবান সময় নষ্ট হয়। অফিস চলাকালীন ছাড়া অধিযাচনের সুযোগ কম থাকে। অধিযাচনের জন্য বার্তাবাহক, কাগজ, কালি, প্রিন্টার এবং কম্পিউটার প্রয়োজন হয়।<br>এজন্য একটি সফটওয়্যার তৈরি করা হয়েছে যাতে গাড়ীর ড্রাইভারের নাম, মোবাইল নং এবং গাড়ীর নম্বর সংযোজন করা হয়েছে ফলে অর্থ ও সময় সাশ্রয় হচ্ছে। | http://transport.plandiv.gov.bd/ | ২০১৮-১৯ | চালু রয়েছে |
| ০২ | বৈদেশিক প্রশিক্ষণে সুযোগের সমতা বিধান এবং কর্মকর্তা মনোনয়ন সহজিকরণ | বৈদেশিক প্রশিক্ষণে কর্মকর্তাগণের অংশগ্রহণে বহুলাংশে সমতা বিধান; মনোনীত কর্মকর্তাগণের উদ্বেগ হ্রাস; অপেক্ষাকৃত কম সময়ে সরকারি আদেশ জারি হওয়ায় পরিকল্পনা কমিশন এবং পরিকল্পনা বিভাগের অনেক কর্মকর্তার কর্মঘন্টা সাশ্রয় হচ্ছে। এছাড়াও বৈদেশিক প্রশিক্ষণের ডাটাবেজ সংরক্ষণ করায় প্রশিক্ষণার্থী নির্বাচনে স্বচ্ছতা আনয়ন করা হয়েছে। | https://plandiv.gov.bd/site/files/64a60a28-d51d-4425-8763 | ২০১৮-১৯ | চালু রয়েছে |
| ০৩ | এসএসআরসি এর গবেষণা প্রকল্প নির্বাচন প্রক্রিয়া সহজিকরণ | এসএসআরসির স্টোকহোল্ডারগণ (বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, গবেষক, বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান, প্রশিক্ষণ ইনস্টিটিউট ইত্যাদি) গবেষণা ও প্রশিক্ষণের জন্য মঞ্জুরি গ্রহণ করে থাকেন। এক্ষেত্রে অফিসিয়াল কার্যক্রম সম্পাদনে আবেদনকারীর প্রয়োজনীয় যাতায়াতে সময় ও অর্থ দুই-ই বেশি ব্যয় হয়ে থাকে। এ সেবার (আরএমএস) মাধ্যমে সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদে একটি হেল্প ডেস্ক এবং একটি সফটওয়্যার তৈরি করা হয়েছে। যার ফলে সেবাগ্রহীতারা পূর্বের তুলনায় স্বল্প সময়ে ও কম অর্থ ব্যয়ে এ সংক্রান্ত সেবা পাচ্ছেন। | https://sso.plandiv.gov.bd/rms/researcher/sign-in | ২০২০-২১ | চালু রয়েছে |
| ০৪ | ADP/RADP Management System (AMS) | নতুন প্রকল্প গ্রহণ (অনুমোদিত নতুন প্রকল্প তালিকা প্রণয়ন); চলমান প্রকল্পের প্রাপ্যতা অনুসারে বরাদ্দ প্রদান; নতুন প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদান, চলমান প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদান, ব্যয় খাত সংশোধন, উপযোজন, প্রকল্প সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ; প্রকল্পের এলাকাভিত্তিক খরচ নির্ণয়, কাগজের ব্যবহার কমিয়ে নির্ভুলভাবে ADP/RADP প্রণয়ন ও বরাদ্দ প্রদান; Data Sharing এর বিষয়ে আইবাস++ এর সাথে MoU স্বাক্ষর হয়েছে; পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্প প্রস্তাব গ্রহণ থেকে অনুমোদন পর্যন্ত তথ্যাদি সংরক্ষণ করা হচ্ছে। | http://adp.plancomm.gov.bd/ | ২০২০-২১ | চালু রয়েছে |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ক্রম | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবার লিংক | অর্থবছর | বর্তমান অবস্থা |
| ০৫ | জাতীয় উন্নয়ন পরিকল্পনা বিষয়ক ডিজিটাল নলেজ পোর্টাল (GED Knowledge Portal) | সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক একটি ডিজিটাল নলেজ পোর্টাল স্থাপনের মাধ্যমে এ বিভাগ কর্তৃক প্রণীত সকল জাতীয় মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনাসহ সংশ্লিষ্ট পলিসি ডকুমেন্টস ও তাদের বাস্তবায়ন অগ্রগতির আপলোডকরণের মাধ্যমে সকলের অভিগম্যতা সহজলভ্যকরণ/নিশ্চিত করা হচ্ছে। | http://www.gedkp.gov.bd/ | ২০২১-২২ | চালু রয়েছে |
| ০৬ | কার্যক্রম বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত নির্ধারিত ছকে প্রস্তাবিত চলমান প্রকল্পের তথ্য-উপাত্ত প্রদানের মাধ্যমে এডিপি/আরএডিপিতে প্রদত্ত বরাদ্দ উপযোজনপূর্বক বরাদ্দ পুনঃনির্ধারণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মধ্য থেকে একটি প্রকল্পের অনুকূলে এডিপি/আরএডিপিতে প্রদত্ত বরাদ্দ হতে অন্য প্রকল্পে স্থানান্তর করা অর্থাৎ পুন:উপযোজন প্রস্তাব পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগের মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করে। কার্যক্রম বিভাগ কর্তৃক প্রকল্পের প্রাক্কলিত ব্যয়, ক্রমপুঞ্জিভূত ব্যয়, এডিপি/আরএডিপিতে প্রদত্ত বরাদ্দ, অবমুক্তকৃত অর্থের পরিমাণ এবং প্রাপ্যতা যাচাই সাপেক্ষে মাননীয় পরিকল্পনা মন্ত্রীর অনুমোদনক্রমে এডিপি/আরএডিপিতে প্রদত্ত বরাদ্দের উপযোজনপূর্বক বরাদ্দ পুন:নির্ধারণ করা হচ্ছে। | http://adp.plancomm.gov.bd/ | ২০২১-২২ | চালু রয়েছে |
| ০৭ | Project Processing, Appraisal & Management System (PPS) বিষয়ক ডিজিটাল সেবা। | উন্নয়ন প্রকল্প প্রণয়ন এবং প্রক্রিয়াকরণ সম্পূর্ণ ম্যানুয়াল পদ্ধতিতে এজেন্সি থেকে মন্ত্রণালয়ে এবং পরবর্তীতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়; প্রকল্প দলিলটি বর্তমানে হার্ডকপিতে প্রেরণ করা হয় এবং উন্নয়ন প্রকল্পের অনুমোদনের লক্ষ্যে প্রকল্প দলিলটি একাধিক কপি মন্ত্রণালয়ে এবং সংশ্লিষ্ট সেক্টর এ প্রেরণ করা হয়। যাতে অধিক সময় ব্যয় হয়। এ সমস্যা সমাধানের লক্ষ্যে পিপিএস সফটওয়্যারের মাধ্যমে প্রকল্প যাচাই-বাছাইকরণের ফলে কাজের গতি ত্বরান্বিত হচ্ছে এবং সময় হ্রাস পাচ্ছে। | https://sso.plandiv.gov.bd/sign-in | ২০২১-২২ | চালু রয়েছে |

এ মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে উপরিউক্ত উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ কার্যকর/চালু/ সচল রয়েছে।

(ইসরাত জাহান ইরা)
সহকারী প্রোগ্রামার
ই-সার্ভিস শাখা
পরিকল্পনা বিভাগ
ই-মেইল: ap@plandiv.gov.bd